

দেড় ঘণ্টা মহাসড়ক বন্ধ
রোকেয়া বিশ্ববিদ্যালয়ের
ভিসি অপসারণের পক্ষে
বিপক্ষে কর্মসূচি

■ রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভিসি'র দুর্নীতি ও তার অপসারণ এবং বিশ্ববিদ্যালয়ের সকল ষড়যন্ত্র বন্ধের দাবিতে গতকাল সোমবার পাক্ষিপাণ্ডি কর্মসূচি পালন করেছিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, রক্ষা ও দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী-শিক্ষার্থীরা। এ নিয়ে মানববন্ধন কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয়ের ভিসি'র দুর্নীতি ও তার অপসারণের দাবিতে গতকাল দুপুরে রংপুরের বিজাপুর কমিশনার জমীম উদ্দিন আহমেদের মাধ্যমে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি প্রদান করে শিক্ষক, রক্ষা ও দুর্নীতি প্রতিরোধ কমিটি। পরে শহরের কাছারি বাজারে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে হতুয়া রাখেন মোহাম্মদ আফজাল, পৃষ্ঠা ১৯ কলাম ২

রোকেয়া বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর
নজরুল ইসলাম হাজারী, প্রফেসর মোজাহারুল ইসলাম, আব্দুল কুদ্দুস, কাজী মাক্জিউল ইসলাম সিটন প্রমুখ। স্মারকলিপিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আব্দুল জলিল মিজা দায়িত্ব নেয়ার পর থেকে দুর্নীতি, দুটপাটের রাজত্ব কায়েম করেছে। প্রো-ভিসি, কনস্টাবল, প্রধান গ্রন্থিক ও বিভিন্ন ইপিটিউইটের পরিচালককে ভিসি অবৈধভাবে নিয়োগ দিয়েছেন। এতে আরও বলা হয়, অবিলম্বে ভিসি আব্দুল জলিল মিয়াকে অপসারণ করতে হবে। অপরদিকে বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সকল ষড়যন্ত্র বন্ধ ও রংপুরের কবিত বুদ্ধিজীবী মোহাম্মদ আফজালের শান্তির দাবিতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন এবং দেড় ঘণ্টা রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা। মহাসড়ক অবরোধের ফলে রংপুর, দিনাজপুর, লালমনিরহাট ও কুড়িগ্রামের সাথে সারাদেশের মড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। চরম ভোগান্তির শিকার হয় সাধারণ যাত্রীরা।